# জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযা বিষয়ে বিভিন্ন ফতোয়া

রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আব্দুল আযীয ইব্‌ন আব্দুল্লাহ ইব্‌ন বায রাহিমাহুল্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন ২৪ - জানাযার সাথে গমনকারীদের জন্য সুন্নত তরিকা কি?

উত্তর - জানাযার সাথে গমনকারীদের জন্য সুন্নত হচ্ছে পুরুষরা যতক্ষণ না কাঁধ থেকে লাশ জমিনে না রাখবে, কেউ বসবে না। আর প্রত্যাবর্তনের ক্ষেত্রে সুন্নত হচ্ছে যতক্ষণ না লাশ দাফন শেষ হয় অপেক্ষা করবে, যাতে সালাত ও দাফন উভয় আমলের পরিপূর্ণ নেকি লাভ করা যায়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«من تبع جنازة مسلم فكان معها حتى يصلى عليها و يفرغ من دفنها فإنه يرجع بقيراطين كل قيراط مثل جبل أحد» (رواه البخاري)

“যে ব্যক্তি কোন মুসলিমের জানাযায় অংশ গ্রহণ করে, অতঃপর তার সাথেই থাকে যতক্ষণ না তার উপর সালাত আদায় করা হয় ও তার দাফন শেষ হয়, সে দু’কিরাত পূণ্য নিয়ে বাড়ি ফিরবে, প্রত্যেক কিরাত ওহুদ পাহাড়ের সমান”। (বুখারি)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14930

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন